

মো: শাহাদত হোসেন (০১৭৬৫৬) রাজশাহী জেলার চারঘাট উপজেলার মোক্তারপুর গ্রামে ১৯৮১ সালের ১৪ই ফেব্রুয়ারি জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মৃত শুকুর আলী এবং মাতা মোছা: আশিয়া বেগম। মোক্তারপুর প্রাথমিক বিদ্যালয় থেকে পাঠগ্রহণ শুরু করে মোক্তারপুর উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক, সরদহ মহাবিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেন।

২০০৮ সালের নভেম্বর মাসে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রভাষক পদে আব্দুলপুর সরকারি কলেজে যোগদান করেন। ১৮ মে ২০১৭ সালে লালমনিরহাট সরকারি কলেজে সহকারী অধ্যাপক হিসেবে পদায়িত হন।

সমসাময়িক অর্থনীতি ও সাহিত্য তাঁর পছন্দের ক্ষেত্র। তিনি “বিষয়ী নখর” এবং “জলছত্র” নামে দুটি কাব্যগ্রন্থ রচনা করেন।

তিনি এক সন্তানের জনক। ছেলে সাফী আল দ্বীন লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়ে ১০ শ্রেণিতে অধ্যয়নরত। স্ত্রী মোছা: হোসনে আরা শিল্পী গৃহিণী।

তিনি দক্ষ, দায়িত্বশীল এবং প্রযুক্তিবান্ধব শিক্ষক।